

‘এবং মহ্যা’-বিশ্ববিদ্যালয় যশোরী আজ্ঞাগ (U.G.C.) অনুমোদিত অধিকার  
অন্তর্ভুক্ত। পত্রিকাক্রমিক নং-৪২৩৭, বাংলা পত্রিকাক্রমিক নং-৩৩

# এবং মহ্যা

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

১১ তম বর্ষ, ১১২ সংখ্যা

মার্চ, ২০১৯



সম্পাদক  
ডা. মদনমোহন বেৱা

কে.কে.প্রকাশন  
গোদাবৃংশাচক, মেদিনীপুর, পুরুষ।

## গীতগোবিন্দে নৃত্য

ড. শান্তনু মণ্ডল

ভারতীয় সাহিত্য বা সংস্কৃতি অতি প্রাচীন কাল থেকেই কলা শব্দটির সঙ্গে পরিচিত। কলা শব্দটির বহু অর্থের মধ্যে আভিধানিক একটি অর্থ হল শিল্প। কবি জয়দেব রচিত গীতগোবিন্দকে এই কলাবিদ্যার একটি আকর গ্রন্থ বললেও অত্যুক্তি হয় না। কারণ গীতগোবিন্দ সঙ্গীত, নৃত্য, বাদ্য, আলেখ্য, দশনবসনাঙ্গরাগ, কেশমার্জন বৈশল, শয়নরাচন, ভূষণযোজন, শৃঙ্গার ইত্যাদি বহু কলাবিদ্যার পরিচয় বহন করে। শান্তনু চৌধুরী প্রকার কলাবিদ্যার মধ্যে নৃত্য অন্যতম।

নৃত্য আসলে এক প্রকারের নাট্যকলা। অভিনয়দর্শকারের মতে —

রসভাবব্যঞ্জনাদিযুক্তং নৃত্যমিতীর্যতে ।<sup>১</sup>

রসভাবব্যঞ্জনাদিযুক্তং নাট্যকলাকে নৃত্য বলে। তবে এখানে আঙ্গিকাভিনয়ই প্রাধান্য লাভ করে। অর্থাৎ বলা যেতে পারে — আঙ্গিকাভিনয় বা বিলাসযুক্ত গাত্রবিক্ষেপের দ্বারা যথন রস ও ভাব ব্যক্ত হয়, তখন তাকে নৃত্য বলে। তবে এই কলার উজ্জব কবে হয়েছিল, তা নির্দিষ্ট করে বলা না গেলেও বৈদিক সাহিত্যে এমন অনেক মন্ত্র আছে, যেগুলি নৃত্যচর্চার পরিচয় বহন করে। যেমন — ঋগ্বেদ-এর প্রথম মণ্ডলের উষাসূক্তে উষাকে নৃত্যরতা রমণীর সঙ্গে তুলনা করা হয়েছে —

অধি পেশাংসি বপতে নৃত্যরিবাপোগুতে বক্ষ উশ্রেব বর্জহম ।<sup>২</sup>

আবার, ষষ্ঠমণ্ডলে বলা হল — আশ্বিনীকুমারন্ধয় নৃত্যে বেশ দক্ষ ছিলেন —

অধি শ্রিয়ে দুহিতা সূর্যস্য রথং তত্ত্বে পুরুভূজা শতোতিম্ ।

প্রমায়াভির্মায়িনা ভূতমন্ত্র নরা নৃত্য জনিমন্য জ্ঞিযানাম ।<sup>৩</sup>

শুধু তাই নয়, পিতৃমেধকর্মেও যে নৃত্যের প্রয়োগ হত, দশমমণ্ডলের আঠার সংখ্যক সূত্রের তৃতীয় সংখ্যক মন্ত্রই তার প্রমাণ দেয় —

ইমে জীবা বি মৃত্যৈরাববৃত্রন্তুজ্ঞদ্বা দেবহৃতিনৌ অদ্য ।

প্রাপ্তে অগাম নৃতয়ে হসায দ্রাঘীয আয়ুঃ প্রতরং দধানাঃ ।<sup>৪</sup>

রামায়ণ বা মহাভারত-এর যুগেও নৃত্যের প্রচলন ছিল। যেমন - মহাভারত-এর বনগবের ইন্দ্রের নির্দেশে অর্জুন গন্ধর্বরাজ চিত্রসেনের কাছে নৃত্যাদির শিক্ষা নিয়েছিলেন —

ততঃ শক্রেব্রবীত্পার্থং কৃতাঞ্জং কাল আগতে ।

নৃত্যং গীতং চ কৌন্তেয চিত্রসেনাং অবাঞ্ছুহি ।<sup>৫</sup>

গন্ধর্বম অতুলং নৃত্যং বাদিত্রং চোপলক্ষ্মান ।<sup>৬</sup>